

# খসড়া তালিকায় ভিপি পদে ২০ প্রার্থী

জাবি প্রতিনিধি

২৬ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের মমতা



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনের খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। সহ-সভাপতি (ভিপি) পদে মনোনয়ন জমা পড়েছে ২০টি। গতকাল সোমবার সন্ধ্যায় জাকসুর ওয়েবসাইটে এ তালিকা প্রকাশ করা হয়।

তালিকা বিশ্লেষণ করে দেখা যায়, সহ-সভাপতি (ভিপি) পদে মনোনয়ন জমা পড়েছে ২০টি, সাধারণ সম্পাদক (জিএস) পদে ১৭টি, নারী যুগ্ম সাধারণ সম্পাদক (এজিএস) পদে ৯টি, পুরুষ যুগ্ম সাধারণ সম্পাদক (এজিএস) পদে ২১টি,

শিক্ষা ও গবেষণা সম্পাদক পদে ১৩টি, পরিবেশ ও প্রকৃতি সংরক্ষণ বষয়ক সম্পাদক ১৩টি, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক পদে ৯টি, সাংস্কৃতিক সম্পাদক ৯টি, সহ-সাংস্কৃতিক সম্পাদক পদে ১১টি, নাট্য সম্পাদক পদে সাতটি, ক্রীড়া সম্পাদক পদে পাঁচটি, নারী সহ-ক্রীড়া সম্পাদক পদে ছয়টি, পুরুষ সহ-ক্রীড়া সম্পাদক পদে ছয়টি, তথ্য ও প্রযুক্তি ও গ্রন্থাগার সম্পাদক

পদে ১৪টি, সমাজসেবা ও মানবসম্পদ উন্নয়নবিষয়ক সম্পাদক ১৪টি, নারী সহ-সমাজসেবা ও মানবসম্পদবিষয়ক সম্পাদক পদে পাঁচটি, পুরুষ সমাজসেবা ও মানবসম্পদবিষয়ক সম্পাদক পদে নটি, স্বাস্থ্য ও খাদ্য নিরাপত্তাবিষয়ক সম্পাদক ১২টি, পরিবহন ও যোগাযোগ সম্পাদক পদে সাতটি, নারী কার্যকরী সদস্য পদে ১৭টি এবং পুরুষ কার্যকরী সম্পাদক পদে ৩২টি মনোনয়নপত্র জমা পড়েছে।

খসড়া তালিকা থেকে প্রাপ্ত মোট প্রার্থী সংখ্যা দাঁড়িয়েছে ২৫৬টি। এর আগে জাকসুর বিভিন্ন পদে মনোনয়নপত্র জমা পড়েছিল মোট ২৭৬টি। খসড়া প্রার্থী তালিকায় বাদ পড়ে ২০টি।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর ও জাকসু নির্বাচন কমিশনের সদস্য সচিব অধ্যাপক ড. রাশিদুল আলম বলেন, নির্বাচনে প্রার্থীদের আবেদন পড়েছিল ২৭৬টি। এর মধ্যে পরীক্ষা শেষ হওয়া, আবেদন ফরমে অসম্পূর্ণ তথ্য ইত্যাদি কারণে ২০ জন প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হয়েছে। বাতিল হওয়া প্রার্থীরা আজ মঙ্গলবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত প্রার্থিতা ফিরে পাওয়ার জন্য নির্বাচন কমিশন বরাবর আপিল করতে পারবেন।